আলোকিত বাংলাদেশ



ঢাবিতে প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণ

আলোকিত ডেস্ক : ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে চার দিনব্যাপী রিসার্চ মেথডলোজি ও সায়েন্টিফিক রাইটিংবিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণী অনুষ্ঠান গত সোমবার অণুজীব বিজ্ঞান বিভাগের আনোয়ারুল আজিম চৌধুরী লেকচার গ্যালারিতে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করেন। এসময় ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. এম রেজাউল ইসলাম উপস্থিত ছিলেন। জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুস্তাক ইবনে আয়ুব অনুষ্ঠান সঞ্চালন করেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের ৮৮ জন শিক্ষক ৩টি গ্রুপে এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

সংগ্রাম



ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণ

■ সংগ্রাম ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে ৪ দিনব্যাপী রিসার্চ মেথডলোজি ও সায়েন্টিফিক রাইটিং বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণী অনুষ্ঠান গত সোমবার অণুজীব বিজ্ঞান বিভাগের আনোয়ারুল আজিম চৌধুরী লেকচার গ্যালারিতে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করেন।

এসময় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. এম রেজাউল ইসলাম উপস্থিত ছিলেন। জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুস্তাক ইবনে আয়ুব অনুষ্ঠান সঞ্চালন করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের ৮৮ জন শিক্ষক ৩ টি গ্রুপে এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয়কে একটি গবেষণাভিত্তিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের লক্ষ্যে যুগোপযোগী গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য তরুণ শিক্ষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে উন্নীত করতে জুনিয়র ও সিনিয়র সকল শিক্ষককে সম্মিলিতভাবে প্রচেষ্টা চালাতে হবে।

The New Age



Dhaka University pro-vice-chancellor for education Professor Mamun Ahmed hands over Vivekananda scholarship certificate to a student at an event on the campus on Tuesday. — Press release

DU observes Swami Vivekananda's 163rd birth anniv

Staff Correspondent

DHAKA University observed the 163rd birth anniversary of Swami Vivekananda through a day-long programme on Tuesday.

On the occasion, flowers were offered at the base of his sculpture at the Jagannath Hall of the university, said a press release.

On Monday, a discussion meeting on Swami Vivekananda's life and philosophy was held at the meeting room of Rabindra Bhaban of the hall.

Bangladesh Vivekananda Shiksha O Sangskriti Parishad and its DU unit jointly organised the anniversary observance.

DU pro-vice-chancellor for education Professor Mamun Ahmed attended the discussion as chief guest with president of the parishad Professor Paritosh Mandal in chair.

Jagannath Hall provost Debashish Pal, Professor Tapas Kumar Biswas of the Institute of Education and Research, Professor Shimul Haldar of philosophy department, and Professor Mithun Sarkar of applied chemistry and chemical engineering department were present at the event, among others.

At the programme, Vivekananda scholarships were awarded to 20 students of the university. The cover of the annual magazine 'Gyandip' was also unveiled, while educational materials and winter clothes were distributed among students of Vivekananda Vidyalaya and children of Jagannath Hall staff.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

ইনকিলাব



দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে সোমবার জগন্নাথ হলে স্বামী বিবেকানন্দের ১৬৩তম জন্মোৎসব উদযাপিত হয়েছে। স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষে হলের রবীন্দ্রভবন মিলনায়তনে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ঢাবি প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০ জন শিক্ষার্থীকে বিবেকানন্দ বৃত্তি প্রদান ও হল কর্মচারী পরিবারের সন্তানদের মাঝে শিক্ষা উপকরণ এবং শীতবস্ত্র বিতরণ করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি

The Bangladesh Today

DU observes 163rd birth anniversary of Swami Vivekananda

DHAKA : The 163rd birth anniversary of Swami Vivekananda was observed yesterday at Dhaka University (DU) through a day-long programme marked by floral tributes, garlanding, special prayers and discussions.

On the occasion of Swami Vivekananda's birth anniversary, flowers were offered at the base of his sculpture at the Jagannath Hall of the university.

Earlier, a discussion meeting on Swami Vivekananda's life and philosophy was held yesterday at the meeting room of Rabindra Bhaban of the university's Jagannath Hall.

Bangladesh Vivekananda Shiksha O Sangskriti Parishad and its DU unit jointly organised the anniversary observance.

DU Pro-Vice Chancellor (Education) Professor Dr Mamun Ahmed attended the discussion as the chief guest with President of Bangladesh Vivekananda Shiksha O Sangskriti Parishad Prof Dr Paritosh Mandal in the chair.

"One of the key aspects of Swami Vivekananda's life and philosophy was interfaith harmony and brotherhood. Harmony among people of different religions, colours, castes and genders can be strengthened through practicing his philosophy," Dr Mamun said.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৩০ পৌষ ১৪৩২

DU in Media

14 January 2026

The Country Today



Institute of Social Welfare and Research defeats Public Admin by 6 wickets in DU Inter-Dept Cricket Competition

DU Correspondent

In the Dhaka University Inter-Departmental Cricket Competition, the Institute of Social Welfare and Research defeated the Department of Public Administration by 6 wickets in the Northern Zone final to become the champion.

The final match was held at the Central Sports Ground on Tuesday. After the final match, Dhaka University Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha distributed prizes among the winners as the chief guest.

The Public Administration Department won the toss and elected to bat first and scored 202 runs for the loss of 7 wickets in the allotted 20 overs. Zakaria top-scored for the team with 146 runs. In reply, the Social Welfare and Research Institute won by scoring 204 runs for the loss of 4 wickets in 19.1 overs. Zakaria of the Public Administration Department was named Man of the Match in the final. Zakaria of the Public Administration Department and Sifat Sadiq Khan of the Social Welfare and Research Institute were jointly named Man of the Tournament.

The award distribution ceremony, presided over by Dhaka University Cricket Committee President Muhammad Mahbub Kaiser, was attended by Director of the Institute of Socia Welfare and Research Professor Dr. Mahbuba Sultana, Acting Director of the Physical Education Center SM Zakaria, VP of DUCSU Sadiq Kayem, Sports Secretary Arman Hossain, Social Services Secretary AB Zubair, Literary and Cultural Secretary Musaddiq Ali Ibne Mohammad, Executive Members Imran Hossain and Belal Hossain Apu.

দেশ রুপান্তর

ঢাবি আন্তঃবিভাগ ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন সমাজকল্যাণ ইনস্টিটিউট

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতায় উত্তরাঞ্চলের ফাইনালে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট ৬ উইকেটে লোকপ্রশাসন বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

লোকপ্রশাসন বিভাগ টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ২০২ রান সংগ্রহ করে। দলের পক্ষে জাকারিয়া সর্বোচ্চ ১৪৬ রান করেন। জবাবে ব্যাট করতে নেমে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট ১৯.১ ওভারে ৪ উইকেট হারিয়ে ২০৪ রান করে বিজয়ী হয়।

ফাইনালে ম্যান অব দ্য ম্যাচ হন লোকপ্রশাসন বিভাগের জাকারিয়া। লোকপ্রশাসন বিভাগের জাকারিয়া এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সিফাত সাদিক খান যৌথভাবে ম্যান অব দ্য টুর্নামেন্ট নির্বাচিত হন।

কালের কণ্ঠ



ত্রয়োদশ সূর্য সেন স্মারক বিতর্ক উৎসবে ইউআইইউ রানার্স আপ

"ত্রয়োদশ সূর্য সেন স্মারক বিতর্ক উৎসব ২০২৬"-এ রানার্স আপ হয়েছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ডিবেট ক্লাব (ইউআইইউডিসি)। সূর্য সেন বিতর্ক ধারার উদ্যোগে আয়োজিত চার দিনব্যাপী এই জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান। বিশেষ অতিথি ছিলেন সূর্য সেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাধারণ সম্পাদক এস এম ফরহাদ। ইউআইইউ ডিবেট ক্লাবের তিন সদস্য এই ডিবেট উৎসবে অংশ

সেন—মো. তাসনিম হোসেন, মো. সুয়াদ হোসেন ও ইকরামুল হাসিব অর্ণব। ইউআইইউ ডিবেটিং টিমের মো. তাসনিম হোসেন তৃতীয় স্পিকার ব্রেক অর্জন করেন। এই বিতর্ক উৎসবে দেশের শীর্ষস্থানীয় সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মোট ৩২টি দল অংশ নেয়।